



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১৬(৭৬৯)/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০২১-২০২২/৪৯১৪

তারিখ: ২১/১১/২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের অধীনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২১-২২) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের অধীনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২১-২০২২) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হলো। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের অধীনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে Corrected Registration Card লিংক থেকে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ডে তথ্যের কোন গড়মিল পরিলক্ষিত হলে বিষয়টি অনতিবিলম্বে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর অবহিত করতে হবে।	২২/১১/২০২২ থেকে ২১/১২/২০২২
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশনাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেস সহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল pgdeanoffice@gmail.com বরাবর আবেদন করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID, Password প্রেরণ করা হবে।	
৩।	ক) উল্লেখ্য যে, ভর্তি ফাউ বা রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। খ) এছাড়া, Blank data entry form এর মাধ্যমে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থীর ভর্তি যোগ্যতায় ত্রুটি পাওয়া গেছে, তাদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয় নি। গ) যে সকল কলেজ ভর্তি বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী Blank data entry form এর মাধ্যমে ভর্তিকৃতদের যাচাই প্রত্যয়ন ও তথ্য প্রেরণ করেনি সে সকল কলেজের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয় নি। ঘ) যে সকল শিক্ষার্থীর দ্বৈত ভর্তি চিহ্নিত হয়েছে, তাদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয় নি।	

বি: দ্র: রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা/মাতার নামে কোন ভুল থাকলে তা সংশোধনের জন্য কার্ড ইস্যুর এক মাস সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে বিধিমোতাবেক প্রয়োজনীয় তথ্য ও ফি সহ আবেদন করতে হবে।

২১/১১/২০২২

(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১৬(৭৬৯)/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০২১-২০২২/৪৯১৪

তারিখ: ২১/১১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো:

- ১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৫। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অফিস কপি।

২১/১১/২০২২

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়